# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ২৯৯২

২৭/ আদব

পরিচ্ছেদঃ নিজের বিষয়ীভূত নয়, এমন কথা বলা

### আরবী

عَنْ أَنَسٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ اِسْتَشْهَدَ رَجُلٌ مِنَّا يَوْمَ أُحُدٍ فَوَجَدَ عَلَى بَطْنِهِ صَخْرَةٌ مَرْبُوْطَةٌ مِنَ الْجُوْعِ فَمَسَحَتْ أُمَّهُ التُّرَابَ عَنْ وَجْهِهِ وَقَالَتْ: هَنِيْئًا لَكَ يَا بَنِيْ الجَنَّةَ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا يُدْرِيكِ ؟ لَعَلَّهُ كَانَ يَتَكَلَّمُ فِيمَا لاَ يَعْنِيهِ وَيَمْنَعُ مَا لاَ يَضُرُّهُ

### বাংলা

(২৯৯২) আনাস (রাঃ) বলেন, আমাদের মধ্যে এক ব্যক্তি উহুদ যুদ্ধে শহীদ হয়ে গেলেন। দেহের কাপড় সরিয়ে দেখা গেল তাঁর পেটে পাথর বাঁধা আছে। তাঁকে দেখে তাঁর মা কেঁদে উঠলেন এবং তাঁর চেহারা থেকে মাটি সরিয়ে বললেন, 'তুমি শহীদ হয়েছ বেটা! তোমার জন্য জান্নাত মুবারক হোক।' মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি কি ক'রে জানলে, সে শহীদ এবং সে জান্নাতী? তুমি হয়তো জান না যে, সে এমন কথাবার্তা বলত, যা তার বিষয়ীভূত নয় এবং এমন কিছু দানে বিরত থাকত, যা তার ক্ষতি করত না।

### ফুটনোট

(ইবনে আবিদ দুন্য়া ১০৯, আবূ য়্যা'লা ৪০১৭, সঃ তারগীব ২৮৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66740

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন